

তারিখ: 20/11/2016

**আর বি আই লোকসেবা সহকারী ব্যাংক লিমিটেড , পুনে , মহারাষ্ট্র –এর উপর জারিকৃত বিশেষ নির্দেশিকা
প্রলম্বিত করল**

ভারতীয় রিজার্ভ ব্যাংক তাদের মে, 19, 2014 তারিখাঙ্কিত নির্দেশিকার মাধ্যমে বিজ্ঞাপিত করেছিল যে , পুনে , মহারাষ্ট্র স্থিত লোকসেবা সহকারী ব্যাংক লিমিটেডকে মে 20, 2014 তারিখের কর্মদিবসের শেষ থেকে বিশেষ নির্দেশিকার আওতায় আনা হয়েছিল । এই নির্দেশের বৈধতা যথাক্রমে নভেম্বর 12, 2014, মে 06, 2015, নভেম্বর 04, 2015 এবং মে 13, 2016 তারিখাঙ্কিত আদেশের ভিত্তিতে প্রতিক্ষেত্রে ছয়মাস সময়কালের জন্য প্রলম্বিত করা হয়েছিল। জনসাধারণের জ্ঞাতার্থে এই মর্মে বিজ্ঞাপিত করা হচ্ছে যে মে, 19, 2014 তারিখাঙ্কিত নির্দেশিকা তৎসহ পঠিত নভেম্বর 12, 2014, মে 06,2015, নভেম্বর 04, 2015 এবং মে 13, 2016 তারিখাঙ্কিত আদেশের বৈধতার সময়কাল নভেম্বর 11, 2016 তারিখাঙ্কিত আদেশের দ্বারা, পর্যালোচনার সাপেক্ষে, নভেম্বর 20, 2016 থেকে মে 19, 2017 সময় পর্যন্ত ছয় মাস সময়কালের জন্য প্রলম্বিত করা হল।

উল্লেখিত বিশেষ নির্দেশিকার অন্যান্য বিধি ও শর্তাবলী অপরিবর্তনীয় সাধারণ জনগণের অবগতির জন্য এই বিশেষ নির্দেশিকার একটি প্রতিলিপি ব্যাংকটির কার্যালয়ে প্রদর্শিত হবে।

ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা কৃত এই পরিবর্তন স্বতঃই এই ইঙ্গিত দিচ্ছে বলে ভেবে নেওয়া যুক্তিগ্রাহ্য নয় যে ব্যাংকটির অর্থনৈতিক অবস্থার এই সামান্য উন্নতিকে ভারতীয় রিজার্ভ ব্যাংক সন্তোষজনক বলে বিবেচনা করে।

অনিরুদ্ধ ডি. যাদব
সহায়ক প্রবন্ধক

প্রেস প্রকাশনী : 2016-2017/1256